**বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট**
**সাভার, ঢাকা ।**

**বিষয় : করোনা ভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধ ও গৃহিত সতর্কতামূলক পদক্ষেপ বিষয়ে পর্যালোচনামূলক সভা ।**

গত ০৭/০৬/২০২০ খ্রি: তারিখ বিকেল ৩.০০ ঘটিকায় বিএলআরআই-র সম্মেলন কক্ষে বিএলআরআই-র কোভিড-১৯ প্রতিরোধ ও সতর্কতামূলক ব্যবস্থা বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয় । বিএলআরআই-র মহাপরিচালক ড. নাথু রাম সরকার সভায় সভাপতিত্ব করেন। সভায় বিএলআরআই-র সকল বিভাগীয় প্রধান, প্রকল্প পরিচালক, শাখা প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । সভায় উপস্থিতি সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত হলো । করোনা ভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধ ও সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে ইতোপূর্বে গৃহিত সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন নিয়ে মূল্যায়ন ও পর্যালোচনামূলক আলোচনা হয় । উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ নেন । বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :

| ক্র: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | সীমিত জনবল নিয়ে অফিস পরিচালনা | বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট সকলে আলোচনায় অংশ নেন । | বিগত সভায় সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় প্রধানগন/প্রকল্প পরিচালকগণ ও শাখা প্রধানগণ নিজ নিজ বিভাগ/শাখার প্রয়োজনানুসারে একটি রোস্টার তৈরী করে সাপ্তাহিকভাবে কর্মবন্টন করে ব্যবস্থা নেবেন । পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত এই ব্যবস্থা চলমান থাকবে । | বিভাগীয় প্রধানগণ/সকল প্রকল্প পরিচালক |
| ২ | প্রধান গেট, অফিস ও আবাসিক এলাকার নিরাপত্তা | ইতোপূর্বে গৃহীত ব্যবস্থাগুলো নিয়ে এবং নিরাপত্তা ব্যবস্থা আরো কিভাবে নিচ্ছিদ্র করা যায় সে বিষয়ে আলোচনা করা হয় । গেটে আগত লোকদের ব্যবস্থাপনায় আনসার সদস্যদের অসচেতনতা পরিলক্ষিত হয়েছে । | নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করতে হবে । প্রধান গেটে আগত বাহিরের লোকদের ব্যবস্থাপনায় নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি কঠোরভাবে অনুসরণ করতে হবে। ভিতর থেকে জরুরী প্রয়োজনে বাইরে গেলে অবশ্যই নিবন্ধন বহির শর্তাবলী পূরণপূর্বক যেতে হবে । আসার ক্ষেত্রে একই ধরণের শর্ত পূরণ করতে হবে । লক ডাউনের শুরু থেকে চালুকৃত এই বিষয়গুলোর নিবিড় তদারকি বাড়ানোর সিদ্ধান্ত গৃহিত হয় । | নিরাপত্তা কর্মকর্তা |
| ৩ | অসুস্থতা গোপন বা সামান্য অসুস্থতাকে গুরুত্ব না দিয়ে অফিসে আসা | নিজের বা পরিবারের সদস্যদের কোন ধরণের অসুস্থ অবস্থাকেই গোপন করা যাবে না । এ বিষয়ে শুরু থেকেই সবাইকে সচেতন করা হয়েছে । তারপরও নিজের /পরিবারের সদস্যদের অসুস্থতা গোপন করার খবর পাওয়া যাচ্ছে | মেইন গেটে রক্ষিত থার্মাল স্ক্যানারে তাপমাত্রা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর Disinfection Tunnel হয়ে আসতে হবে । এ আনুষ্ঠানিকতা সম্পন্ন করার সময় কর্তব্য রত আনসার সদস্যগণ ব্যক্তিগত নিরাপত্তা/অসংক্রমণ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবেন । সর্বাবস্থায় নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে দায়িত্ব পালন করবেন । | নিরাপত্তা কর্মকর্তা/ কর্তব্যরত আনসার |
| ৪ | ব্যক্তিগত যানে ক্যাম্পাসের বাইরে থেকে অফিসে আসা | এসব যানবাহন ক্যাম্পাসে/ অফিসে প্রবেশ নিয়ে আলোচনা হয় । | ক্যাম্পাসের বাইরে থেকে আগত যে কোন ধরণের যানবাহন আবশ্যিকভাবে মেইন গেটের পার্শ্বের পার্কিংস্থলে রেখে আসতে হবে । | নিরাপত্তা কর্মকর্তা/ কর্তব্যরত আনসার |
| ৫ | খামার ব্যবস্থাপনা ও জার্মপ্লাজমের নিরাপত্তা | খামার ব্যবস্থাপনা, জার্মপ্লাজমের নিরাপত্তা ও নিরাপদ খাদ্যসরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয় । | লক ডাউনের শুরু থেকে গৃহিত ব্যবস্থাদি যেমন: কর্তব্যরত এনিম্যাল এটেন্ডেন্টদের/পোল্ট্রি ওয়ার্কারদের খামারের ভিতরে অবস্থান নিশ্চিতকরণ, অগ্রিম দুই/তিন মাসের প্রাণিখাদ্য সবসময় হাতে রেখে প্রাণিখাদ্য ব্যবস্থা চালিয়ে নেওয়া, রোগ প্রতিরোধের জন্য প্রতিরোধমূলক ব্যবস্থাকে জোরদারকরণ ও পুরো খামার ব্যবস্থাপনাকে নিবিড় পর্যবেক্ষণে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় । | এসএসও(ফার্ম) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | বিএলআরআই-র ক্যাম্পাসের ভিতরে চলাফেরা | মোটর সাইকেলে যত্রতত্র চলাফেরা করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। | কর্তব্যরত/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ছাড়া মোটর সাইকেলে পাচুঁটিয়া খামার, পোল্ট্রি খামার ও তৎসংলগ্ন এলাকায় বিনা প্রয়োজনে চলা ফেরা করা যাবে না । আবাসিক এলাকাতেও মোটর সাইকেল চালনা সীমিত আকারে এবং গতিবিধি মেনে চালানোর সিদ্ধান্ত গৃহিত হয় । | নিরাপত্তা কর্মকর্তা/কর্তব্য রত আনসার |
| ৭ | করোনা লক্ষণ (জ্বর,ঠান্ডা, গলা ব্যথা, সর্দি কাশি) দেখা দিলে করণীয় | এটি সাধারণ অসুখও হতে পারে আবার করোনাও হতে পারে । যাই হোক, বিষয়টি গোপন করা যাবে না । | এইরকম ক্ষেত্রে করোনা পরীক্ষা করাণোর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাণিস্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করতে হবে । | সকল বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক |

সাধারণ বিষয় ও নির্দেশাবলী :

১। প্রত্যেককেই ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা বিধি ও নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দায়িত্ব পালন করতে হবে ।

২। স্বাস্থ্য বিধি ও এতদসংক্রান্ত স্বাস্থ্য বিভাগের ১৩(তের) দফা নির্দেশনা মেনে চলতে হবে ।

৩। দাপ্তরিক জরুরী প্রয়োজনে যারা বাইরে যাবেন, তাদের পর্যাপ্ত ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী সরবরাহের ব্যবস্থা করতে হবে । বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন ।

৪। অফিসে যথাযথ স্যানিটেশন, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহসহ কোভিড-১৯ প্রতিরোধের প্রয়োজনীয় কার্যক্রম সকল বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ অব্যাহত রাখবেন ।

৫। ব্যক্তিগত যোগাযোগ কিংবা সামাজিক যোগযোগ মাধ্যমে নির্বিচারে কোন তথ্য শেয়ার করা যাবে না । তথ্য শেয়ারের সময় এর সত্যতা ও সামাজিক প্রভাবের বিষয়টি বিবেচনায় রাখতে হবে ।

৬। নির্ধারিত সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং পরবর্তী যে কোন সভায় বিলম্বে উপস্থিতি/অনুপস্থিতির বিষয়ে বিধি মোতাবেক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয় ।

৭। অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষা ও স্বাস্থ্যবিধি এবং নিরাপদ অবস্থানের জন্য বিভাগীয় প্রধানগণ/প্রকল্প পরিচালকগণ নিজ নিজ বিভাগের জনবলের উপস্থিতি বিষয়ে একটি রোস্টার তৈরী করবেন ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায়, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন ।

০৮/০৮/২০২০

(ড. নাথু রাম সরকার)
মহাপরিচালক (অঃ দাঃ)
ফোন: +৮৮ ০২ ৭৭৯১৬৭৬
ফ্যাক্স: +৮৮ ০২ ৭৭৯১৬৭৫
ইমেইল: infoblri@gmail.com

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সকল বিভাগীয় প্রধান, বিএলআরআই, সাভার, ঢাকা ।

২। সকল প্রকল্প পরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা ।

৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ফার্ম), বিএলআরআই, সাভার, ঢাকা ।

৪। সকল কর্মকর্তা, সাপোর্ট সার্ভিস বিভাগ, বিএলআরআই, সাভার, ঢাকা ।

৫। অফিস কপি।